‘জিএম কাদের এখন থেকে জাতীয় পার্টির চেয়ারম্যান’

প্রয়াত জাপা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুর পর আজ প্রথমবারে মতো সংবাদ সম্মেলনে আসেন জাতীয় পার্টির (জাপা) ভারপ্রাপ্ত চেয়ারম্যান জিএম কাদের। সংবাদ সম্মেলনে ঘোষণা দেয়া হয়, জিএম কাদের এখন থেকে জাতীয় পার্টির চেয়ারম্যান।

আজ বৃহস্পতিবার দুপুর একটায় জাতীয় পার্টির চেয়ারম্যানের বনানী অফিসে এই সংবাদ সম্মেলন শুরু হয়।

সংবাদ সম্মেলনে দলটির মহাসচিব মশিউর রহমান রাঙ্গা জানান, জিএম কাদের এখন থেকে জাতীয় পার্টির চেয়ারম্যান।

জাপা চেয়ারম্যান হুসেইন মুহম্মদ এরশাদের মৃত্যুর পর সংকটের মুখে থাকা দলটিতে এটাই তাঁর ভাই জিএম কাদেরের প্রথম সংবাদ সম্মেলন।

পূর্বনির্ধারিত এই সংবাদ সম্মেলনের ঘোষণা দিয়ে আগেই বলা হয়, দলকে ঢেলে সাজাতে ভারপ্রাপ্ত চেয়ারম্যান দিক-নির্দেশনামূলক বক্তব্য দেবেন।

বেশ কিছুদিন ধরেই জিএম কাদের দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছিলেন। দলটির চেয়ারম্যান ও বিরোধী দলীয় নেতা হুসেইন মুহম্মদ এরশাদ সম্প্রতি মারা যান। এরপর আজ তাঁকে পার্টির চেয়ারম্যান ঘোষণা করা হলো।